# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

**ডিওএস সার্কুলার লেটার নং-৩৯**

তারিখ ঃ ০৯ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ
২৪ ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা**
**বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।**

প্রিয় মহোদয়,

**কনভেনশনাল সিবিএস হতে ইসলামিক সিবিএস-এ মাইগ্রেশন কার্যক্রম সম্পন্ন করার উদ্দেশ্যে স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ এর কিছু ব্যাংকিং সেবা ও কার্যক্রমে সাময়িক বিরতি প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, কনভেনশনাল সিবিএস হতে ইসলামিক সিবিএস-এ মাইগ্রেশন সম্পন্ন করার লক্ষ্যে আগামী **৩০/১২/২০২০ তারিখ সন্ধ্যা ৬.০০ ঘটিকা হতে ০৪/০১/২০২১ তারিখ রাত ১০.০০ ঘটিকা পর্যন্ত** নিম্নের সারণীতে উল্লেখিত লেনদেনে **সাময়িক বিরতির** বিষয়ে স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ এর আবেদনে সম্মতি জ্ঞাপন করা হয়েছেঃ

| নির্ধারিত ডাউনটাইম | স্থগিত সেবাসমূহ |
|---|---|
| ৩০/১২/২০২০ তারিখ সন্ধ্যা ৬.০০ ঘটিকা<br>হতে<br>০৪/০১/২০২১ তারিখ রাত ১০.০০ ঘটিকা পর্যন্ত | ১. ব্যাচ (ক্লিয়ারিং) কার্যক্রম।<br>২. বিইএফটিএন ও ডিজিটাল ব্যাংকিং (ইএফটি) কার্যক্রম।<br>৩. আরটিজিএস লেনদেন। |

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০১৮ পর্যন্ত সংশোধিত) এর ৪৫ ধারায় অর্পিত ক্ষমতাবলে এ সম্মতি জ্ঞাপন করা হয়েছে যা আপনাদের অবগতির জন্য প্রকাশ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নূরুল আমীন)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০০৯৩